

ঢাকা কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগের দুই গ্রন্থের মধ্যে সংঘর্ষ হয়েছে। গতকাল রাত ৯টার দিকে এ সংঘর্ষ হয়। এতে আমিন শিকদার নামে এক ছাত্রলীগ কর্মী আহত হয়েছেন। তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

advertisement

খোঁজ নিয়ে জানা গেছে, ঢাকা কলেজের দক্ষিণ বুকের ছাত্রলীগ কর্মী আমিন শিকদারকে রাত সাড়ে ৮টার দিকে ক্যাম্পাসের ভেতরে উত্তর বুকের কিছু শিক্ষার্থী মারধর করে। পরে ক্যাম্পাসে খবর ছড়িয়ে পড়লে দুই গ্রন্থই দেশীয় অন্ত, লাঠি, রড, রামদা নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় কয়েকটি কক্টেল বিস্ফোরণের ঘটনা ঘটে। পরে সিনিয়রদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

এর আগে গত বৃহস্পতিবার ঢাকা কলেজের ক্যাফেটেরিয়ায় খাবার খেয়ে টাকা না দেওয়া ও ক্যান্টিন ম্যানেজার টাকা চাওয়ায় ক্যান্টিনে তালা দিয়ে সাধারণ শিক্ষার্থীদের মারধরের শিকার হন কলেজ ছাত্রলীগ কর্মী শাহারিয়া হাসান জিয়ন। তিনি ঢাকা কলেজের ২০১৬-১৭ সেশনের শিক্ষার্থী ও কলেজের নর্থ হলের আবাসিক শিক্ষার্থী। ওই ঘটনার জেরে গতকাল সংঘর্ষের সূত্রপাত হয়েছে।

নিউমার্কেট জোনের এসি ফার্মক মো. শরিফুজ্জামান বলেন, ঢাকা কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছে। সংঘর্ষে আমিন শিকদার নামে এক শিক্ষার্থী আহত হয়েছেন বলে দাবি করেছে একটি পক্ষ। পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক আছে।